

ক্যালগেরির উজ্জ্বল নক্ষত্র

মাশুক রহমান, ক্যালগেরি (কানাডা) থেকে | আপডেট: ২১:১২, জুন ১৫, ২০১৫



বিদেশে থেকেও বাংলার সংস্কৃতি তথা নৃত্যশৈলী দিয়ে কানাডার ক্যালগেরিতে এক ধরনের মুগ্ধতা তৈরি করেছে বাংলাদেশি নক্ষত্র। বাংলাদেশ অ্যাসোসিয়েশন ক্যালগেরিসহ বিভিন্ন অনুষ্ঠানে তার অংশগ্রহণ অপরিহার্য। এ ছাড়া স্থানীয় টেলিভিশন চ্যানেলের অনুষ্ঠানেও অংশ নিয়ে সবার প্রশংসা কুড়িয়েছে। মাল্টিকালচারাল বিভিন্ন অনুষ্ঠানে তার অংশগ্রহণ হয়ে ওঠে নন্দিত। অন্য ভাষাভাষীদের একই সুরে বলতে শোনা যায়, কথা না বুঝলেও তার নাচের তাল, লয়, মুদ্রাই বুঝতে সাহায্য করে নাচের মূল ভাব। আমার মনে হয় এটাই নক্ষত্রের সার্থকতা।

নক্ষত্রের পুরো নাম আনযালা মুরতাজ। জন্ম বাংলাদেশের রংপুর জেলা শহরের মুন্সিপাড়ায়। বাড়িতে সাংস্কৃতিক আবহ আর দাদি সুফিয়া হোসেন ও মা রুবিনা ইয়াসমিনের উৎসাহে নৃত্য জগতে পদার্পণ। সে যখন সেই ছোটটি মানে মাত্র তিন বছর তখন থেকেই তার নাচের সঙ্গে সখ্যতা শুরু হয় শিক্ষক রানার কাছে। পাশাপাশি শিশু একাডেমিতেও শুরু করে ক্লাস। স্কুলসহ বিভিন্ন অনুষ্ঠানে অংশ নিয়ে সবার কাছে পরিচিত হয়ে ওঠে।

২০০৬ সালে কানাডা চলে আসে বাবা অমিয় মুরতাজের কাছে। কিন্তু থেমে থাকেনি তার নৃত্যচর্চা। শুরু হয় তার ওড়িশি নৃত্যচর্চা। পাশাপাশি ক্যালগেরির বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে শিশু বয়সেই সবার নজর কাড়তে সক্ষম হয়।

লেখাপড়ার পাশাপাশি নিয়মিত নৃত্যচর্চা ওকে দক্ষ করে তোলে। এখন Crescent heights High School-এ গ্রেড ১১-তে পড়ছে। কিন্তু নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং নিয়মিত শিখছে ভারতনাট্যম। নক্ষত্র বিদেশে থেকেও বাংলা সংস্কৃতির গগনকে আলোকিত করছে দেশকে ভালোবেসে নিজের নৃত্য দ্যুতি ছড়িয়ে। তার খুব ইচ্ছে সুযোগ করে দেশে গিয়ে নাচের ওপর আরও কাজ করার। বিদেশের মাটিতেও বাংলা নাচ তথা সংস্কৃতিকে জনপ্রিয় করার স্বপ্ন দেখে নক্ষত্র। দেশীয় সংস্কৃতি বিকশিত হোক ওর নৃত্য ভঙ্গিমায় আর আলোকিত করুক আমাদের সংস্কৃতির পরিমণ্ডল। জয়তু নক্ষত্র!